

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১০১২৯৮, ৯১১৬৭৩১

E-mail : info@jdpc.gov.bd, Website : www.jdpc.gov.bd

স্মারক নং- ২৪-০১-০০০০.২০৭.০৬.০৬০ (২/২-৩)-১৬.৩৭৩


তারিখঃ ২৪/৬/২০১৬

জেডিপিসি'র কনফারেন্স রুম ভাড়া দেয়ার নীতিমালা

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) ২০০২ সাল থেকে বহুমুখী পাটপণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধির জন্য কাজ করে আসছে। ফার্মগেট সংলগ্ন ১৪৫ মনিপুরী পাড়া তেজগাঁও ঢাকায় অবস্থিত দেবদারু আর বাউ গাছে ঘেরা সবুজ ঘাসের বাগান সমৃদ্ধ জেডিপিসি'র আন্তর্জাতিক মান সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত কনফারেন্স রুমে প্রতি টেবিলে মাইক্রো ফোন সুবিধাসহ ১০০ জনের বসার ব্যবস্থা রয়েছে। বিভিন্ন ধরনের সভা, সেমিনার, ওয়ার্কশপ, পুনর্মিলনী অনুষ্ঠানের জন্য জেডিপিসি'র উক্ত কনফারেন্স রুম ভাড়া দেয়া হবে।

ভাড়ার নীতিমালা

- ০১। একদিনে একটি অনুষ্ঠানের জন্যই ভাড়া দেয়া হবে;
- ০২। অনুষ্ঠানের ১৫ দিন পূর্বে সাময়িক বুকিং দিতে হবে। কনফারেন্স রুমের ভাড়া সাময়িক বুকিং এর সময় ৫০% ও অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বে অবশিষ্ট ৫০% পরিশোধ করা হলে চূড়ান্ত বুকিং মর্মে গণ্য হবে;
- ০৩। কোন অনিবার্য কারণে অনুষ্ঠান বাতিল করতে হলে তা ০৭ (সাত) দিন পূর্বে জানাতে হবে;
- ০৪। অনুষ্ঠানের জন্য ধার্য তারিখের ৭ দিনের কম সময়ের মধ্যে বরাদ্দ বাতিল করতে চাইলে কনফারেন্স রুম ভাড়ার ৫০% কর্তন করা হবে;
- ০৫। কনফারেন্স রুমের ভাড়া দৈনিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (+ ১৫% ভ্যাট ও ৫% ট্যাক্স প্রযোজ্য);
- ০৬। সাজসজ্জার প্রয়োজনে পৃথক স্ট্যান্ড ব্যবহার করা যাবে। কোন অতিরিক্ত বৈদ্যুতিক সংযোগের প্রয়োজন হলে কর্তৃপক্ষকে অবহিত করে গ্রাহক-কে নিজ খরচে সংযোজন করে নিতে হবে;
- ০৭। গ্রাহক তাঁর অনুষ্ঠানে আগত সকল সম্মানিত অতিথিবৃন্দের এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সৌজন্যমূলক আচরণ নিশ্চিত করবেন, এই প্রতিষ্ঠানের সুনাম অক্ষুণ্ন রাখবেন এবং কোন জিনিসপত্র ক্ষয়ক্ষতি না হয় সেদিক সজাগ দৃষ্টি রাখবেন;
- ০৮। কনফারেন্স রুম কিংবা সংলগ্ন কোন ভবনের দেয়াল, গিলার, দরজা, পার্টিশন, বারান্দা, ছাউনী, বাগান ইত্যাদিতে পেরেক, পিন, এডহেসিভ টেপ দিয়ে ফেট্টুন, ব্যানার, ষ্টিকার, বেলুন, ইত্যাদি লাগানো নিষেধ;
- ০৯। গ্রাহককে কনফারেন্স রুম এলাকা এবং নির্ধারিত সময়ের মধ্যে তাঁদের কার্যক্রম সীমিত রাখতে হবে। কোন sub-lease দিতে পারবেন না;
- ১০। জেডিপিসি ক্যাম্পাসের বাগানের কোন সৌন্দর্য নষ্ট করা যাবে না;
- ১১। ব্যক্তিগত জিনিসপত্রের দায় দায়িত্ব গ্রাহককে বহন করতে হবে। কোন ব্যক্তিগত জিনিসপত্র হারানো বা নষ্ট হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;
- ১২। রাজনৈতিক বা বাণিজ্যিক উদ্দেশ্যে ভাড়া নেয়া যাবে না। আমন্ত্রিত অতিথি কর্তৃক কোন অনাকাঙ্ক্ষিত ঘটনার দায় গ্রাহককে বহন করতে হবে;
- ১৩। অনুষ্ঠান শেষে গ্রাহকের ব্যবহৃত জিনিসপত্র যথাসম্ভব দ্রুত সরিয়ে নিতে হবে;
- ১৪। জেডিপিসি'র হিসাব শাখায় সম্পূর্ণ ভাড়া পরিশোধের পর বুকিং নিশ্চিত করা হবে;
- ১৫। নগদ/পে-অর্ডারের মাধ্যমে ভাড়া প্রদান করতে পারবেন;
- ১৬। গ্রাহককে অনুষ্ঠানের ৩ (তিন) দিন পূর্বে নিরাপত্তা জামানত হিসাবে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জমা দিতে হবে। কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে জামানতের টাকা হতে ক্ষয়ক্ষতির সমপরিমাণ অর্থ সমন্বয় করে অবশিষ্ট টাকা ফেরৎ দেয়া হবে, ক্ষতির পরিমাণ বেশী হলে যুক্তিসঙ্গত টাকা দাবী করা হবে;
- ১৭। যে কোন জরুরী প্রয়োজনে গ্রাহকের মনোনীত প্রতিনিধিকে জেডিপিসি'র প্রশাসনিক কর্মকর্তার সাথে যোগাযোগ করা যাবে।


মোঃ নাসিম বেগম

jute-2/

সহকারী সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


Nasima Begum
Joint Secretary

Executive Director (Addl. Charge)
Jute Diversification Promotion Centre